

💵 মুসনাদে আহমাদ

হাদিস নাম্বারঃ ৫৫৩

पूजनारि উসমান বিন আফফান (রাঃ) [উসমানের বর্ণিত হাদীস] (مسند عثمان بن عفان)

বাংলা

৫৫৩। হাদীস নং ৪১৫ দ্রন্টব্য।

8১৫। ছমরান বিন আবান বর্ণনা করেন উসমান বিন আফফান (রাঃ) পানি চাইলেন, তারপর তা দিয়ে ওযূ করলেন, কুলি করলেন, নাকে পানি দিলেন, অতঃপর তিনবার তার মুখ ধুলেন, হাত দুখানাও তিনবার করে ধুলেন, তার মাথা ও পায়ের পিঠ মাসেহ করলেন, তারপর হাসলেন। তারপর তার সাথীদেরকে বললেনঃ আমি হাসলাম কেন, তা তোমরা জিজ্ঞাসা করলেনা? তারা বললােঃ হে আমীরুল মুমিনীন, কেন হাসলেন? তিনি বললেনঃ আমি রাস্লুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লামকে দেখেছি, এই জায়গার নিকটবর্তী জায়গা থেকে পানি চাইলেন, অতঃপর আমি যেভাবে ওয়ূ করেছি, সেভাবে ওয়ূ করলেন। তারপর হাসলেন। অতঃপর বললেনঃ তোমরা জিজ্ঞাসা করছনা আমি কেন হাসলাম? লােকেরা বললােঃ ইয়া রাস্লাল্লাহ, কেন হাসলেন? তিনি বললেনঃ কোন বান্দা যখন ওয়ূর পানি চেয়ে নিয়ে মুখ ধায়, তখন আল্লাহ তার মুখমণ্ডল দ্বারা অর্জিত সমস্ত গুনাহ নিশ্চিহ্ন করে দেন। তারপর যখন সে তার হাত ধায় তখনাে তদ্রুপ হয়, যখন মাথা মাসেহ করে তখনাে তদ্রুপ হয় এবং যখন পা দু'খানাকে পবিত্র করে তখনাে তদ্রুপ হয়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষণ বাকি

পাবলিশারঃ বাংলাদেশ ইসলামিক সেন্টার

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন